

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

পরিকল্পনা-৪ শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

www.shed.gov.bd



নম্বর: ৩৭.০০.০০০০.১২৪.১৪.০২০.১৯.২৫৯

তারিখ: ৭ পৌষ ১৪২৮

২২ ডিসেম্বর ২০২১

প্রাপক:

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।

বিষয়: “বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর স্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠা”
শীর্ষক অনুমোদিত প্রকল্প (কোড নং-২২৪২৬৭৬০০) বাস্তবায়নের জন্য অর্থ ছাড়।

এ বিভাগ কর্তৃক ২৪/০৮/২০২১ তারিখে ৩৭.০০.০০০০.১২৪.১৪.০২০.১৯.১৮৩ নং সরকারি আদেশে অনুমোদিত বরাদ্দের বিভাজন অনুযায়ী আমি এই মর্মে আদিষ্ট হয়ে স্থানীয় মুদ্রা অংশের বরাদ্দ হতে নিম্নরূপে অর্থ ছাড়ে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি :

(লক্ষ টাকা)

বাস্তবায়নকারী সংস্থার নাম	প্রকল্পের নাম ও কোড নং	অনুমোদিত/ডি.পি.পি অনুমোদিত/অননুমোদিত	কিস্তির নাম ১ম/২য়/৩য়/৪র্থ	রাজস্ব খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অবমুক্ত অর্থ
১	২	৩	৪	৫	৬	৭
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর স্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠা (কোড নং-২২৪২৬৭৬০০)	অনুমোদিত	২য় কিস্তি	১০৮.০০ লক্ষ	১৯৬৪.০৬ লক্ষ	২০৭২.০৬ লক্ষ

২। এ ব্যয় বর্তমান অর্থবছরের উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং-২২, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের (কোড নং-১২৫০১) আওতায় বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের “বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর স্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠা” শীর্ষক অনুমোদিত প্রকল্পের অনুকূলে (কোড নং-২২৪২৬৭৬০০) হতে বহন করা হবে;

৩। উপরোক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে (শুল্ক ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরণযোগ্য

প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এ অংকের বহির্ভূত);


৪। প্রকল্পটির অনুকূলে অবমুক্তকৃত অর্থ অনুমোদিত ডিপিপি'র প্রাক্কলিত ব্যয় বিভাজন অনুসারে ব্যয় করতে হবে;

৫। অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩০ জুন, ২০২২ তারিখের মধ্যে অবশ্যই সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে;

৬। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA-2006 এবং PPR-2008 সহ সরকারের প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে অনুসরণ করতে হবে;

৭। এ বিভাগ কর্তৃক প্রতিস্বাক্ষরিত বিল উপস্থাপনের মাধ্যমে আলোচ্য প্রকল্পের প্রকল্প পরিচালক এ অর্থ উঠাতে পারবেন। ছাড়কৃত অর্থ ব্যয়/বিল পরিশোধের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদঘাটিত হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন; এবং

০৮। অর্থ বিভাগের ২০ জুন ২০১৮ তারিখের অফিস স্মারক নং ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫১৮ এর প্রদত্ত ক্ষমতাবলে এ আদেশ জারি করা হলো।



২৮-১২-২০ ২১

মোহাম্মদ রফিকুল ইসলাম
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

নম্বর: ৩৭.০০.০০০০.১২৪.১৪.০২০.১৯.২৫৯/১(৭)

তারিখ: ৭ পৌষ ১৪২৮
২২ ডিসেম্বর ২০২১

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

- ১) চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা।
- ২) উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, চট্টগ্রাম।
- ৩) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) উপসচিব, বাজেট-২ শাখা, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫) প্রকল্প পরিচালক, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর স্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠা প্রকল্প, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, চট্টগ্রাম।
- ৬) সচিব এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।



২৮-১২-২০ ২১

মোহাম্মদ রফিকুল ইসলাম
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)